



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.২৬০.২১.১১০৬

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরের ধান/চাল ক্রয় ও ব্যাংক চার্জ খাতে অর্থ বরাদ্দের চাহিদা প্রেরণ।

১০ নভেম্বর ২০২২

সূত্র: অত্র দপ্তরের ১৪/০৮/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৭২.৭৩.২৭০.২১.৬৭/৬৪(১০) নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে ২০২২-২০২৩ অর্থ বছরে বিশেষ কার্যক্রমের আওতায় বিভিন্ন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের অনুকূলে কোড নং-৪১২৪১০১-ধান/চাল ক্রয় এবং কোড নং ৩২২১১০৮-ব্যাংক চার্জ খাতে অর্থ বরাদ্দের জন্য নির্ধারিত ছক মোতাবেক চাহিদাপত্র প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, গত ৩১/০৮/২০২২ খ্রি. তারিখে বোরো সংগ্রহ-২০২২ শেষ হয়েছে। কিন্তু বোরো সংগ্রহ-২০২২ শেষ হবার ২ (দুই) মাস পরেও কিছু জেলার চাহিদাপত্র প্রেরণ করা হচ্ছে। এভাবে চাহিদাপত্র প্রেরণ অত্র দপ্তরের হিসাব সংরক্ষণে জটিলতা সৃষ্টি হচ্ছে। যথাসময়ে চাহিদাপত্র প্রেরণ না করার ফলে পূর্ণভরণকৃত টাকার উপর ব্যাংকের সুদ উত্ত্বের সম্ভাবনা দেখা দিতে পারে। বোরো সংগ্রহ-২০২২ শেষ হবার ২ (দুই) মাস পরেও চাহিদা প্রেরণে মাঠ পর্যায়ে পূর্ণভরণ বিষয়ে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের তদরকিতে উদাসীনতা ও অদক্ষতার প্রমাণ বহন করে।

এমতাবস্থায়, আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে বোরো-২০২২ মৌসুমে সংগৃহীত খাদ্যশস্যের মূল্য পুনর্ভরণের জন্য নির্ধারিত ছক মোতাবেক চাহিদাপত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।

100

১০-১১-২০২২

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৪৪৪৪

ইমেইল: daf@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.২৬০.২১.১১০৬/১

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯

১০ নভেম্বর ২০২২

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ।

৩) মহাপরিচালক (গ্রেড-১) এর একান্ত সচিব, অধিদপ্তর, ঢাকা।

৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....,

৫) অফিস কপি।

৬) মাষ্টার কপি।



১০-১১-২০২২

মোঃ সাহিদার রহমান

ইন্সট্রাক্টর, সংযুক্তি: হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য

অধিদপ্তর, ঢাকা।